**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 22-06-2025**
**Time: 7.35-7.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## CM Inaugurated Beautiful Projects :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন শহরবাসীকে সুন্দর, সুস্থ্, পরিচ্ছন্ন নাগরিক পরিষেবা প্রদানে বর্তমান রাজ্য সরকার বদ্ধপরিকর। গতকাল আগরতলা পুরনিগম এলাকার পুকুরের সৌন্দর্য্যায়ন ও সংস্কারসাধন অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। এদিন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা ৩৩ নং ওয়ার্ডের অন্তর্গত নাগেরজলা বাসস্ট্যান্ড সংলগ্ন ভট্ট পুকুর এবং ৪০ নং ওয়ার্ডের অন্তর্গত পুকুরের সৌন্দর্যায়ন এবং সংস্কারসাধন প্রকল্পের উদ্বোধন করেন।

মুখ্যমন্ত্রী বলেন, বর্তমানে রাজ্য উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে। সরকারের এই সম্পদ রক্ষণাবেক্ষণের মূল দায়িত্ব নাগরিকের। তিনি বলেন, ২০১৯ সাল থেকে এখন পর্যন্ত ২৩টি পুকুরের সংস্কার সাধন ও সৌন্দর্য্য বৃদ্ধি করা হয়েছে। আরও ১৪টি পুকুরের কাজ হাতে নেওয়া হবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত প্রমুখ|

*********************

## Home Minister Amit Shah:

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেছেন যে ভারত আর কখনই পাকিস্তানের সঙ্গে সিন্ধু জল চুক্তির পুনরুদ্ধার করবে না। একটি ইংরেজি দৈনিকে সাক্ষাৎকারে স্বরাষ্ট্র মন্ত্রী বলেছেন, সরকার সন্ত্রাসবাদের বিরুদ্ধে তার জিরো

টলারেন্স  নীতিতে অটুট রয়েছে।স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেছেন, সরকার সন্ত্রাসবাদের মূল কারণগুলির দিকে নজর দিচ্ছে, তা কাশ্মীরেই হোক বা , নক্সাল অধ্যুষিত অঞ্চল বা উত্তর-পূর্বাঞ্চলই হোক। তিনি বলেন, ভারত বিনিয়োগের জন্য সবচেয়ে নিরাপদ এবং সেরা জায়গা। স্বরাষ্ট্র মন্ত্রী বলেন, ভারত একটি গণতান্ত্রিক দেশ যার নীতি স্বচ্ছ এবং বিশাল একটি ভোক্তা মার্কেট রয়েছে। তিনি বলেন, সরকার ২০১৪ সাল থেকে কঠোর পরিশ্রম করছে যাতে দেশের প্রতিটি অংশে উন্নতির ফলাফল সমানভাবে প্রতিফলিত হয়।

***********************

## International Yoga Day-National :

গতকাল দেশের সর্বত্র কর্মসূচিতে উৎসাহ উদ্দীপনায় ১১তম আন্তর্জাতিক যোগদিবস উদযাপিত হয়। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু দেরাদুনের পুলিশ লাইনে আয়োজিত যোগ শিবিরে অংশগ্রহণ করেন। যোগচর্চাকে বিশ্বের দরবারে প্রতিষ্ঠিত করতে ভারতের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা তুলে ধরেন তিনি।

অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমে আন্তর্জাতিক যোগ দিবস উদযাপনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, যোগব্যায়াম বিশ্বকে সংঘাত থেকে সহযোগিতার দিকে পরিচালিত করবে। তিনি বলেন, বিশ্বের বিভিন্ন স্থানে ক্রমবর্ধমান চাপ এবং অস্থিরতার মধ্যে যোগব্যায়াম শান্তির পথ দেখায়। একটি শান্তিপূর্ণ, ভারসাম্যযুক্ত এবং সুস্থায়ী বিশ্বকে এগিয়ে নেওয়ার জন্য সম্মিলিত প্রয়াসের আহ্বান জানিয়েছেন তিনি।

***********************

## International Yoga Day-State :

সারা দেশের সঙ্গে গতকাল রাজ্যেও ১১তম আন্তর্জাতিক যোগ দিবস পালন করা হয়।মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক

মেলা প্রাঙ্গণের প্রদর্শনী হলে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এবং রাজ্য আয়ুষ মিশনের সহযোগিতায় আয়োজিত যোগ দিবসের রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী বলেন, নিয়মিত যোগ অভ্যাস শরীর ও মনের সমস্ত ধরণের ক্লান্তি, অবসাদ দূর করতে মুখ্য ভূমিকা নিতে পারে। এরজন্য সবার নিয়মিত যোগব্যায়াম চর্চা করা উচিত। এরফলে মস্তিষ্কের ক্ষমতাও বৃদ্ধি পায়।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়| রাজ্যের প্রতিটি জেলা ও মহকুমা সদর সহ ব্লক পর্যায়েও আন্তর্জাতিক যোগ দিবস পালন করা হয়।নীরমহলে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষিমন্ত্রী রতনলাল নাথ ও সাংসদ বিপ্লব কুমার দেব| সাংসদ শ্রী দেব আন্তর্জাতিক যোগ দিবসের প্রেক্ষাপট উল্লেখ করে বক্তব্য রাখেন|কৈলাশহরেও যোগ দিবস উদযাপিত হয়|

**********************

**Yoga Day-Tripura Bhawan:**

আন্তর্জাতিক যোগা দিবস উপলক্ষে গতকাল কলকাতার প্রিটোরিয়া স্ট্রিটস্থিত ত্রিপুরা ভবন প্রাঙ্গনে যোগা দিবস পালন করা হয়। প্রদীপ জ্বালিয়ে আনুষ্ঠানিক উদ্বোধন করেন ত্রিপুরা ভবনের যুগ্ম রেসিডেন্ট কমিশনার দ্বীপরাজ রায়। যোগা প্রদর্শনে কলকাতার তিনটি ত্রিপুরা ভবনের কর্মচারী তাদের পরিবারসহ ৬0 জন অংশগ্রহন করেন। আন্তর্জাতিক যোগাদিবস উপলক্ষে গতকাল আসাম রাইফেলস এর উদ্যোগে আগরতলা ও উদয়পুরে বাহিনীর চাউনিতে যোগচর্চার আয়োজন করা হয়| যোগচর্চায় আসাম রাইফেলস বাহিনীর জওয়ান ও তাদের পরিবার পরিজনরা অংশ নেন|

********************

**Minister Ratan Lal Nath :**

ত্রিপুরায় রাজনৈতিক কারনে হিংসাত্মক ঘটনায় নিহতদের পরিবারের একজনকে সরকারী চাকুরী দিল রাজ্য সরকার। গতকাল মহাকরনে এক সাংবাদিক সম্মেলনে কৃষি, বিদ্যুৎ, পরিষদীয়,মন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন, রাজ্যে বিভিন্ন সময়ে রাজনৈতিক কারনে সংঘটিত হিংসাত্মক ঘটনায় নিহতদের পরিজনদের একজনকে সরকারী চাকুরী প্রদানের ঘোষনা ছিল রাজ্য সরকারের। এর জন্য মন্ত্রী রতন লাল নাথের নেতৃত্বে রাজ্য সরকার ছয় সদস্যের স্ক্রুটিনী কমিটি গড়ে দেওয়া হয়। তিনি জানান চাকরির জন্য প্রথমে ৩৯ টি ও পরে আরও ৮ টি আবেদন জমা পড়ে। আবেদনগুলোর তদন্ত করে এ পর্যন্ত ১৮ জনকে রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে সরকারী চাকুরী দেওয়া হয়েছে। পরিষদীয় মন্ত্রী আরও জানান, পরবর্তী সময়ে জমা পরা আরও ৮ টি আবেদনের তদন্ত করে কমিটি ৫ পরিবারে সরকারী চাকুরী দেওয়ার সুপারিশ করেছে। তিনি জানান ২০১৮ সালের আগে এই সব ঘটনায় রাজ্য সরকার দলমতের উর্ধ্বে উঠে নিহতদের পরিবারে চাকুরী প্রদান করেছে। সুস্থ গনতন্ত্রের স্বার্থেই রাজ্য সরকারের এই উদ্যোগ বলে মন্ত্রী শ্রী নাথ উল্লেখ করেন।

*********************

## GoC visited Tripura:

ভারতীয় সেনাবাহিনীর রেড শিল্ড বিভাগের জেনারেল অফিসার কমান্ডিং GoC (জিওসি), মেজর জেনারেল এস.এস. কার্তিকেয় গতকাল, ত্রিপুরায় সেনাবাহিনীর প্রশিক্ষণের সুযোগ সুবিধা পরিদর্শন করেন এবং সেনা জওয়ানদের যুদ্ধ প্রশিক্ষণ কর্মসূচী পর্যালোচনা করেন। বাহিনীর মুখপাত্র লেফটেন্যান্ট কর্নেল অমিত শুক্লা জানিয়েছেন সফরের সময়, জিওসি সেনা বাহিনীর সম্পাদিত বিভিন্ন কঠোর প্রশিক্ষণ মডিউল পরিদর্শন করেন, যার মধ্যে ছিল জঙ্গলের যুদ্ধে, গুলি চালানোর অনুশীলন, ড্রোন কার্যক্রম অবস্টাকল নেভিগেসন এবং বিশেষ অপারেশন।

তিনি বলেন যে, পরিদর্শনের পর সেনা জওয়ানদের উদ্দেশ্যে বলতে গিয়ে জিওসি, তাদের, নতুন প্রযুক্তির প্রতি অভিযোজন এবং কর্মীদের শারীরিক এবং মানসিক দৃঢ়তার অসাধারণ অবস্থার প্রশংসা করেছেন।

********************

**2nd division:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় মৌচাক ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় মৌচাক ক্লাব ৩-১ গোলে সরোজ সংঘকে পরাজিত করে।

********************

**Weather..**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ কোথাও কোথাও হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি।

********************